

পূর্ণ কলেবরে আইটি মেলা

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল শুক্রবার রাজধানীর শেরেবাগা নগরের আইডিবি ভবন কম্পিউটার সিটিতে 'সিটি আইটি মেলা-২০০২'-এর ২য় দিন অতিসাহিত হয়েছে। গতকাল থেকে মেলা পূর্ণ কলেবরে শুরু হয়েছে। সাপ্তাহিক ছুটির কারণে গতকাল (২য় পৃষ্ঠায় ১-এর কঃ প্রঃ)

পূর্ণ কলেবরে (প্রথম পৃষ্ঠায় পর)

সকাল থেকে মেলায় ছিল উপচেপড়া ভীড়। আগত দর্শক-শ্রেতাররা কম্পিউটারের সর্বাধুনিক হার্ডওয়্যার ও সফটওয়্যার সম্বন্ধে পরিবেশিত প্রাথমিক জীবনের বিভিন্ন সুযোগ-সুবিধা ও বিনোদন উপকরণ উপভোগ করেন। বিকালে কম্পিউটার সিটির নীচ তলায় স্থাপিত মাঝে পিসি কেনার গাইড' শীর্ষক ইভেন্টে ক্রেতা-বিক্রেতা ও তথ্য প্রযুক্তি বিশেষজ্ঞদের মাঝে মতবিনিময় হয়। এই ইভেন্টে মেলায় আগত দর্শক-শ্রেতারদের পার্সোনাল কম্পিউটার কেনার ব্যাপারে চাহিদা ও সামর্থ্য অনুযায়ী পরামর্শ দেয়া হয়।

আজ শনিবারের ইভেন্টের বিষয়বস্তু 'ইন্টারনেট ও ওয়েব ডেভেলপমেন্ট'। দীর্ঘ সময় পর মেলাকে কেন্দ্র করে বাংলাদেশের বাজারে আবারো এসেছে ক্রিয়েটিভের ৬৪ মেগাবাইট এন্টারপি কার্ড, ডিভিআর র‍্যাম, ৪৪০ এমএল উইথ টিডি জাউট। এছাড়া মেলায় এসেছে ইন্টেলের সেলেরন ১ দশমিক ৭ গিগাহার্টজের প্রসেসর। এতে রয়েছে সেক্ট-৪৭৮। এই প্রসেসর দিয়ে পুরানো কম্পিউটার ব্যবহারকারীরা তাদের কম্পিউটার আপডেট করতে পারবেন।

মেলায় অংশগ্রহণকারী বিভিন্ন প্রতিষ্ঠান ১৮ থেকে ২০ হাজার টাকায় মাল্টিমিডিয়া পিসি বিক্রি করছে। এসব কম্পিউটারের সাথে দেয়া হচ্ছে সেলেরনের ১ গিগাহার্টজের প্রসেসর, ২০ থেকে ৪০ গিগাবাইটের হার্ডডিস্ক, ১২৮ মেগাবাইট র‍্যাম প্রভৃতি।

মেলা কর্তৃপক্ষ কেন্দ্রীয়ভাবে কুপনের ব্যবস্থা করেছেন। যে কোন ষ্টল থেকে ক্রেতাররা এসব কুপন বিনামূল্যে সংগ্রহ করতে পারবেন। মেলা শেষে কুপনের র‍্যাসেল ড্রয়ের মাধ্যমে ১০ জন জাগ্যবান ক্রেতাকে পুরস্কৃত করা হবে।

মেলা উপলক্ষে রেড ক্রিসেন্ট সোসাইটি বক্তৃৎদান কর্মসূচী শুরু করেছে।

মেলা প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত বিরতিহীনভাবে আগামী ২০ অক্টোবর পর্যন্ত চলাবে।